

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

তারিখঃ ১৫/০৫/২০২৪খ্রিঃ।

স্মারক নং: ১৩.০১.৯৪৯৪.০০২.৫৭.০২.২৩.১২১

বিষয়ঃ খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজে বাদ পড়া ভোক্তার স্থলে নতুন ভোক্তা অন্তর্ভুক্তিকরণ।


সূত্রঃ খাদ্য অধিদপ্তর, ঢাকার ৬৯৯ নং স্মারকের ০৭/০৫/২০২৪খ্রিঃ তারিখ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঠাকুরগাঁও সদর উপজেলাধীন খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের তথ্য ডিজিটাল ডাটাবেজে অন্তর্ভুক্তির লক্ষ্যে যাচাইকালে বিভিন্ন কারণে বাদ পড়া ভোক্তার স্থলে নতুন ভোক্তা অন্তর্ভুক্তির ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণে খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা ২০১৭ মোতাবেক তালিকা প্রেরণের অনুরোধ করা হলো।

- (ক) পুরাতন বাদ পড়া জীবিত ভোক্তাদের তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে।
- (খ) মৃত ভোক্তার ক্ষেত্রে তার পরিবারকে অগ্রাধিকার দিতে হবে।
- (গ) বিধবা/বিপত্তীক, তালাকপ্রাপ্ত ভোক্তাদের ক্ষেত্রে চেয়ারম্যানের প্রত্যয়ন প্রমাণক সংযুক্ত করতে হবে।
- (ঘ) অবিবাহিত ভোক্তাদের তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না।
- (ঙ) ভিজিডিতে বাদ পড়া ভোক্তাদের পরিবর্তে অস্থচল নতুন ভোক্তা অন্তর্ভুক্ত করা যাবে।
- (চ) প্রেরিত ছক মোতাবেক তালিকা প্রেরণ করতে হবে।
- (ছ) তালিকা অবশ্যই ২৫/০৫/২০২৪খ্রিঃ তারিখের মধ্যেই প্রেরণ করতে হবে।

নির্দিষ্ট সময়সীমার মধ্যে তালিকা প্রেরণ না করলে ভোক্তা বাদ পড়ার সম্ভাবনা রয়েছে সেক্ষেত্রে ইউনিয়ন কমিটিকে দ্রুততার সহিত নির্দিষ্ট সময়সীমার মধ্যেই তালিকা প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

প্রাপক
চেয়ারম্যান (সকল).....ইউপি ও
সভাপতি খাদ্যবান্ধব কমিটি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।


(খন্দকার আবুল বাশার)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

তারিখঃ ১৫/০৫/২০২৪খ্রিঃ।

স্মারক নং: ১৩.০১.৯৪৯৪.০০২.৫৭.০২.২৩.১২১

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে।

- ০১। জনাব রমেশ চন্দ্র সেন, মাননীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-১ ও প্রধান উপদেষ্টা উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
- ০২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
- ০৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা উপজেলা খাদ্যবান্ধব কমিটি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও ও সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
- ০৬। চেয়ারম্যান ও সভাপতি, ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি (সকল), ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
- ০৭। খাদ্যবান্ধব ডিলার(সকল) ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
- ০৮। অফিস কপি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।